# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)
৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
Website : www.bteb.gov.bd

স্মারক নং: ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০৭.২৩.২৬৯ তারিখ: ২৫ অক্টোবর, ২০২৩খ্রি.

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ২ বছর মেয়াদি সার্টিফিকেট ইন মেরিন ট্রেড শিক্ষাক্রমের ২য় ও ৪র্থ পর্ব সমাপনী ও ৩য় পর্ব অকৃতকার্য এবং ৪র্থ পর্ব অনিয়মিত পরীক্ষা-২০২৩ আগামী ৩০ নভেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার হতে বাংলাদেশ ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি, নারায়ণগঞ্জ কেন্দ্রে অনুষ্ঠিত হবে। বোর্ডের নীতি মোতাবেক আসন বিন্যাস করতঃ উক্ত পরীক্ষা গ্রহন করতে হবে। পরীক্ষার বিস্তারিত সময়সূচি যথাসময়ে জানানো হবে। উক্ত পরীক্ষার প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে অবহিত হওয়া যাবে এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের নিজস্ব ওয়েব সাইটেও পাওয়া যাবে। উল্লেখ্য, পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে সংশ্লিষ্ট কেন্দ্রে অনলাইনে পরীক্ষার প্রশ্নপত্র প্রেরণ করা হয় বিধায় এবং শিক্ষা মন্ত্রণালয় ও বোর্ডের নির্দেশনা অনুসরণ করে পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট পূর্বেই পরীক্ষার্থীদেরকে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে হবে।

**স্বাঃ/-**
**(মোঃ কেপায়েত উল্লাহ)**
পরীক্ষা নিয়ন্ত্রক

২ বছর মেয়াদি সার্টিফিকেট ইন মেরিন ট্রেড শিক্ষাক্রমের অত্র বোর্ডের অনুমোদিত প্রবিধান মোতাবেক উক্ত শিক্ষাক্রমের সিলেবাসে বর্ণিত সংশ্লিষ্ট বিষয়ের আচরণ ভিত্তিক পাঠ্যসূচি ও মান বন্টন অনুযায়ী ২য় ও ৪র্থ পর্ব সমাপনি পরীক্ষা লিথুযুক্ত উত্তরপত্রে গ্রহণ করা হবে। পরীক্ষার ফরম পূরণ, ফি আদায় এবং অত্র বোর্ডে ফি প্রেরণের নিয়মাবলী নিম্নে বর্ণিত হলো।

**১। পরীক্ষার ফরম পূরণের নিয়মাবলী:**

**১.১** নির্ধারিত তারিখের মধ্যে অত্র বোর্ডের Website এর মাধ্যমে সকল পর্বের ফরম পূরণ Online এ সম্পন্ন করতে হবে। বিজ্ঞপ্তির ৩.৯ অনুচ্ছেদে বর্ণিত Online এন্ট্রির নির্ধারিত সময়সীমার পরে Final List প্রিন্ট করে নির্ধারিত স্থানে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করতে হবে। **Final List Print করার পর আর কোনও Edit করা যাবে না।**

**১.২** পরীক্ষার্থীদের স্বাক্ষরযুক্ত Final List এর প্রিন্ট-আউট কপিই (নির্ধারিত ফি প্রদানসহ) পরীক্ষার ফরম পূরণ হিসেবে বিবেচ্য হবে। ফরম পূরণের প্রিন্ট আউট কপি ও ব্যাংক ড্রাফট জমা দেয়ার সময় পরীক্ষার্থীদের একটি পূর্নাঙ্গ তালিকা (অনুচ্ছেদ ৩.৮ অনুযায়ী) এবং Online-এ পূরণকৃত ফরম ফিলাপ (EFF) এর Final List (পরীক্ষার্থীর স্বাক্ষরকৃত), Total Student List জমা দিতে হবে।

**১.৩** বোর্ডে প্রেরিত Final List প্রিন্ট আউট এর কপিসহ ফরম ফিলাপ সংক্রান্ত ডকুমেন্টসমূহের ফটোকপি অবশ্যই নিজ নিজ প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে, কারণ পরবর্তীতে উক্ত পরীক্ষার্থীদের যে কোন সমস্যায় উল্লেখিত ডকুমেন্টসমূহের ফটোকপিসহ বোর্ডে আবেদন করতে হবে।

**১.৪** Total Question Count List অত্র বোর্ডের গোপনীয় শাখায় (৮ম তলা) অবশ্যই জমা দিতে হবে।

**২। পরীক্ষা ও অন্যান্য ফি-সমূহের হার নিম্নরূপ:**

**(ক) ২য় পর্ব নিয়মিত পরীক্ষার্থীদের জন্য:**

| | | |
|---|---|---|
| ১. | পরীক্ষার ফি | ৪০০.০০ |
| ২. | কেন্দ্র ফি | ৪৫০.০০ |
| ৩. | ব্যবহারিক পরীক্ষার ফি | ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ২৫.০০ |
| ৪. | নম্বরপত্র ফি | ৭৫.০০ |

**(খ) ৪র্থ পর্ব নিয়মিত পরীক্ষার্থীদের জন্য: (যাদের ২য় ও ৩য় পর্বে অকৃতকার্য বিষয় নাই)**

| | | |
|---|---|---|
| ১. | পরীক্ষার ফি | ৪০০.০০ |
| ২. | কেন্দ্র ফি | ৪৫০.০০ |
| ৩. | নম্বরপত্র ফি | ৭৫.০০ |
| ৪. | ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ফি | ৫০০.০০ |
| ৫. | সনদপত্র ফি | ১০০.০০ |

**(গ) ৪র্থ পর্ব নিয়মিত পরীক্ষার্থীদের জন্য: (যাদের ২য় ও ৩য় পর্বে অকৃতকার্য বিষয় আছে)**

| | | |
|---|---|---|
| ১. | পরীক্ষার ফি | ৪০০.০০ |
| ২. | ২য় ও ৩য় পর্বের অকৃতকার্য বিষয়ের ফি | বিষয়ের সংখ্যা × ১০০.০০ |
| ৩. | কেন্দ্র ফি | নিয়মিত পর্বের জন্য - ৪৫০.০০<br>(২য়/৩য় পর্বের অকৃতকার্য বিষয়ের জন্য) পর্ব সংখ্যা× ২০০.০০ |
| ৪. | নম্বরপত্র ফি | পর্ব সংখ্যা× ৭৫.০০ |
| ৫. | ব্যবহারিক পরীক্ষার ফি (যদি থাকে) | ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ২৫.০০ |
| ৬. | ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ফি | ৫০০.০০ |
| ৭. | সনদপত্র ফি | ১০০.০০ |

**(ঘ) ৪র্থ পর্ব অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য:**

| | | |
|---|---|---|
| ১. | পরীক্ষার ফি | ২য়, ৩য় ও ৪র্থ পর্বের অকৃতকার্য বিষয় × ১০০.০০<br>সর্বনিম্ন ৪০০.০০ |
| ২. | কেন্দ্র ফি | (২য়, ৩য় ও ৪র্থ পর্বের অকৃতকার্য বিষয়ের জন্য) পর্ব সংখ্যা× ২০০.০০<br>সর্বনিম্ন ৪৫০.০০ |
| ৩. | নম্বরপত্র ফি | পর্ব সংখ্যা× ৭৫.০০ |
| ৪. | ব্যবহারিক পরীক্ষার ফি (যদি থাকে) | ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ২৫.০০ |
| ৫. | ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ফি (যদি থাকে) | ৫০০.০০ |

**৩. শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ফি প্রেরণের নিয়মাবলি:**

**৩.১** পরীক্ষার্থীদের ফরম ফিলাপ এর ফি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ব্যতিত সরাসরি অত্র অফিসে গ্রহণ করা হবে না।

**৩.২** অসম্পূর্ণ অথবা ভুল তথ্য বিশিষ্ট ফরম ফিলাপের জন্য বোর্ড দায়ি থাকবে না।

**৩.৩** পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত পরীক্ষার ফি এবং নম্বরপত্রের ফি সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর অনুকুলে প্রদান করত: তৎপরিবর্তে সংগৃহীত ড্রাফটটি পরীক্ষার্থীদের তালিকার সঙ্গে অবশ্যই প্রেরণ করতে হবে। ড্রাফটটি সোনালী ব্যাংকের আগারগাঁও শাখা/সোস্যাল ইসলামী ব্যাংক, বেগম রোকেয়া স্মরনী শাখা ঢাকা হতে উত্তোলন যোগ্য হতে হবে।

**৩.৪** ব্যবহারিক পরীক্ষার জন্য আদায়কৃত অর্থ হতে অনাভ্যন্তরীণ ও অভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষকগণকে প্রতি বিষয় প্রতি পরীক্ষার্থী ১০.০০ টাকা হারে সম্মানী পরিশোধ করতে হবে। অবশিষ্ট অর্থ ব্যবহারিক পরীক্ষার কাঁচামাল ক্রয়ে ব্যবহার করা যেতে পারে।

**৩.৫** ২ বছর মেয়াদি সার্টিফিকেট ইন মেরিন ট্রেড শিক্ষাক্রমের ছাত্র-ছাত্রীদের ইন্ডাষ্ট্রিয়াল ট্রেনিং ফি প্রতি পরীক্ষার্থী হতে আদায়কৃত ৫০০/- টাকা এর ৩০% = ১৫০/- টাকার মধ্যে ইন্ডাষ্ট্রিয়াল ট্রেনিং প্রতিবেদন বই বাবদ ৪০/- টাকা বাদে ১১০/- টাকা সোনালী ব্যাংক/ সোস্যাল ইসলামী ব্যাংকের যে কোন শাখা হতে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর অনুকুলে ব্যাংক ড্রাফট প্রিন্ট-আউট কপি ও তালিকার সাথে অবশ্যই প্রেরণ করতে হবে। ব্যাংক ড্রাফটটি সোনালী ব্যাংক, আগারগাঁও শাখা/সোস্যাল ইসলামী ব্যাংক, বেগম রোকেয়া স্মরনী শাখা হতে উত্তোলন যোগ্য হতে হবে।

**৩.৬** পরীক্ষার কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ কেন্দ্র ফি তহবিলে ব্যাংক একাউন্টে জমা থাকবে এবং পরীক্ষা সংক্রান্ত সকল স্তরে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের সম্মানী/পারিশ্রমিক পরীক্ষা সমাপ্তির পর নিয়মানুযায়ী সম্মানী/পারিশ্রমিকের হার অনুযায়ী পরিশোধের ব্যবস্থা করতে হবে। পরিশোধিত বিলের একটি প্রতিলিপি (মোট আয় ও ব্যয়ের অংক উল্লেখসহ) যথাসময়ে অত্র বোর্ডের সচিবের বরাবরে প্রেরণ করতে হবে।

**৩.৭** ব্যাংক ড্রাফট সংগ্রহের নিমিত্ত প্রদেয় কমিশন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহন করতে হবে। এ ক্ষেত্রে নগদ অর্থ, মানি অর্ডার, চেক, পোষ্টাল অর্ডার বা ট্রেজারী চালানযোগে প্রেরিত অর্থ গ্রহণযোগ্য নহে।

**৩.৮** ফরম ফিলাপের ডিডি এবং হার্ডকপি বোর্ডে জমা দেয়ার সময় নিম্নোক্ত ফরম্যাট অনুযায়ী টেকনোলজি ভিত্তিক পরীক্ষার্থীদের একটি তালিকা ও একটি হিসাব বিবরণী প্রস্তুত করে প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষরসহ অবশ্যই জমা দিতে হবে।

| ক্রমিক নং | পরীক্ষার্থীদের নাম | রোল নম্বর ও শিফট | রেজি: নম্বর ও সেশন | বর্তমান পর্বের বিষয়সমূহের কোড | অকৃতকার্য বিষয়সমূহের পর্ব ভিত্তিক কোড | পরীক্ষার ফি | অকৃতকার্য বিষয়ের ফি | নম্বরপত্র ফি | ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ফি | সনদপত্র ফি | বিলম্ব ফি | মোট ফি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| ১. | | | | | | | | | | | | | |

৩.৯ নিম্নের ছকে প্রদত্ত তারিখ অনুযায়ী পরীক্ষা সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অধিকতর যত্নশীল ও দায়িত্ববান হওয়ার জন্য অনুরোধ করা হলো।

| Online-এ ফরম ফিলাপ এর ডাটা এন্ট্রি করার সময়সীমা | বিলম্ব ফি সহ (প্রতি পরীক্ষার্থী ৩০০/-) ফরম ফিলাপের ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ | বিলম্ব ফি ব্যতীত ফরম ফিলাপের ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ | প্রতিষ্ঠান কর্তৃক ব্যাংক ড্রাফট, মুখপত্র প্রিন্ট আউট কপি বোর্ডে জমা প্রদান *এবং কেন্দ্র কর্তৃক পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র গ্রহনের তারিখ* | | বিভাগ ভিত্তিক প্রতিষ্ঠানসমূহের প্রবেশপত্র Download ও Print করার তারিখ | Problem list এ থাকা শিক্ষার্থীদের আবেদন করার তারিখ | Problem list এ থাকা আদেনকারীদের প্রবেশপত্র প্রতিষ্ঠান কর্তৃক Download ও Print করার তারিখ |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ |
| ২৬-১০-২০২৩ হতে ০৫-১১-২০২৩ খ্রি. দুপুর ০১:০০ ঘটিকা পর্যন্ত - (বিলম্ব ফি ব্যতিত) | ০৫-১১-২০২৩ খ্রি. তারিখের পর ০৯-১১-২০২৩ খ্রি. এর মধ্যে (৩০০/- বিলম্ব ফি সহ) | ০৫-১১-২০২৩ খ্রি. | ১৬-১১-২০২৩ খ্রি. | ২৫০০/- টাকা জরিমানা সাপেক্ষে ১৯-১১-২০২৩ খ্রি. | ২৩-১১-২০২৩ খ্রি: | ১৪ থেকে ১৮ জুন, ২০২৩ খ্রি: (প্রতিষ্ঠান কর্তৃক প্রয়োজনীয় কাগজপত্রসহ বোর্ডে আবেদন জমা দিতে হবে।) | ২৭-১১-২০২৩ ও ২৮-১১-২০২৩ খ্রি: |

[ বি. দ্রঃ প্রতিষ্ঠানের অ্যাফিলিয়েশন ফি পরিশোধ না থাকলে প্রবেশপত্র Download করা যাবে না। ]

**৩.১০** পরীক্ষার প্রিন্ট-আউট কপি ও অন্যান্য সমুদয় ফি বাবদ ব্যাংক ড্রাফট এর মাধ্যমে প্রদানকৃত টাকার রিসিট সহ স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের একজন দায়িত্বশীল কর্মকর্তার মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে অত্র বোর্ডে প্রেরণের ব্যবস্থা করতে হবে। তবে, সংশ্লিষ্ট কর্মকর্তার ভ্রমন সম্পর্কিত ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহনযোগ্য।

**৩.১১** পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ের যোগাযোগ বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা-১২০৭ [দৃষ্টি আকর্ষণ: উপ-পরীক্ষা পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)] বরাবরে করতে হবে।

**৪. অন্যান্য শর্তাবলী:**

**৪.১** পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত ফিসের অর্থ একটি মাত্র ব্যাংক ড্রাফট এর মাধ্যমে ও এন্ট্রিফরমসমূহ ৩.৮ অনুচ্ছেদ মোতাবেক প্রনীত বিবরণী একটি ফরোয়ার্ডিং এর (চিঠিতে) মাধ্যমে বোর্ডে প্রেরণ করতে হবে (ভিন্ন ভিন্ন ড্রাফট সহকারে ও একাধিক ফরোয়ার্ডিং এর মাধ্যমে প্রেরণ করা বর্জনীয়)।

**৪.২** নির্ধারিত সময় সীমার মধ্যে এন্ট্রিফরম বোর্ড অফিসে জমা গ্রহণ নিশ্চিত করতে ও সংশ্লিষ্ট পরীক্ষার্থীদেগকে যে কোন প্রকারের উদ্বিগ্নতা ও বিড়ম্বনা হতে পরিত্রাণের লক্ষ্যে এন্ট্রিফরম ও অফিসের অর্থ উক্ত ৩.৯ অনুচ্ছেদ মোতাবেক প্রেরণ করতে হবে।

**৪.৩** প্রত্যেক পরীক্ষার্থী কর্তৃক এন্ট্রিফরম পূরণের সময় এই বিজ্ঞপ্তি পরীক্ষার্থীদিগকে পুরোপুরি ওয়াকিবহাল করার লক্ষ্যে পরীক্ষার তথ্য শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পরীক্ষার্থীদিগকে অবহিত করতে হবে।

**৪.৪** পরীক্ষায় অব্যবহৃত উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্রের হিসাব অবশ্যই পরীক্ষা শেষ হওয়ার ৭ (সাত) দিনের মধ্যে অত্র বোর্ডে পাঠাতে হবে এবং পরবর্তী পরীক্ষার উত্তরপত্র গ্রহণের সময় পূর্বের উত্তরপত্র সমন্বয় করে উত্তরপত্র গ্রহণ করতে হবে। অন্যথায় চাহিদা অনুযায়ী উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্র প্রদান করা হবে না (উত্তরপত্র গ্রহণের জন্য চাহিদা ফরম ১ ও ২ ব্যবহার করতে হবে)।

**৪.৫** ২ বছর মেয়াদি সার্টিফিকেট ইন মেরিন ট্রেড শিক্ষাক্রমের নিয়মিত পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্র/ছাত্রীদের প্রবিধান অনুযায়ী (ফরম ফিলাপের তারিখ পর্যন্ত) ৮০% হাজিরা নিশ্চিত করে অধ্যক্ষ মহোদয় কর্তৃক প্রত্যায়নপত্র প্রেরণ করতে হবে।

**৪.৬** ২ বছর মেয়াদি সার্টিফিকেট ইন মেরিন ট্রেড এর সংশ্লিষ্ট পর্বের সিলেবাস অনুযায়ী কোর্স যথাযথভাবে সমাপ্ত হবে এই মর্মে অধ্যক্ষ মহোদয় কর্তৃক প্রত্যায়নপত্র প্রদান করতে হবে।

**বি.দ্র. সকল পর্বের সকল বিষয়ের পরীক্ষা সংশ্লিষ্ট প্রবিধান ও কোর্স স্ট্রাকচার অনুসারে পূর্ণ সময়ে পূর্ণ নম্বরে গ্রহণ করা হবে।**

স্মারক নং: ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০৭.২৩.২৬৯(১৩) তারিখ: ২৫ অক্টোবর, ২০২৩খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে):

১. মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
২. সচিব/পরিদর্শক/পরিচালক (কারিকুলাম)/পরিচালত (আইটিসি)/প্রকল্প পরিচালক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. অধ্যক্ষ, বাংলাদেশ ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি, নারায়ণগঞ্জ।
৪. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক- গোপনীয়/সনদ/বিএম/ভোক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. উপ-সচিব (রেজিঃ)/উপ-সচিব (প্রশাসন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. উপ-পরিচারক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
(নোটিশটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৮. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক- কৃষি/টেক্সটাইল/শর্ট কোর্স, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. সহকারি প্রোগ্রামার (সার্টিফিকেট ইন মেরিন পরীক্ষার দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্ম কর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩. নথি।

২৫.১০.২০২৩ খ্রি.

**(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)**
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)
ফোন: ০২-৫৫০০৬৫৩১